গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং ৮০.১০৮.০১১.০২.২০.০০৫.২০১২-৫৩ তারিখ ঃ ০৮ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ / ২২ মার্চ,২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ২য় শ্রেণির সহকারী কার্টোগ্রাফার (মুক্তিযোদ্ধা কোটা) পদের ০১ (এক) টি শূন্য পদে সরাসরি নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ২য় শ্রেণির সহকারী কার্টোগ্রাফার (মুক্তিযোদ্ধা কোটা) পদের ০১ (এক) টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের জন্য প্রার্থীদের ০৩ (তিন) ঘন্টা ব্যাপী বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণজ্ঞান-৪০ ও পদ সংশ্লিষ্ট বিষয়-৬০ অর্থাৎ মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্ন বর্ণিত স্থান ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ-

পদের নাম	লিখিত পরীক্ষার তারিখ ও সময়	লিখিত পরীক্ষার স্থান
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র "সহকারী কার্টোগ্রাফার"	**০৫ এপ্রিল, ২০১৭ দুপুর ১:৩০মিঃ থেকে ৪:৩০ মিঃ পর্যন্ত**	**কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭।**

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী ঃ

১. "সহকারী কার্টোগ্রাফার" পদের প্রার্থীগণের প্রবেশপত্র ডাকযোগে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। কোন প্রার্থী প্রবেশপত্র হারিয়ে ফেললে বা নষ্ট হয়ে গেলে থানায় সাধারণ ডায়েরী করে উহার মূল কপি প্রদর্শন পূর্বক পিএসসি প্রধান কার্যালয়ের ইউনিট-৮ হতে ০৪-০৪-২০১৭ **তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টার** মধ্যে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

২. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২(দুই) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।

৩. **বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয় কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।**

৪. পরীক্ষার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে বইপুস্তক, ব্যাগ, যে কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন বা যে কোন প্রকার যোগাযোগ যন্ত্র কোনক্রমেই সাথে আনা যাবে না। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।

৫. এ পরীক্ষায় যে কোন রকম অসদুপায় অবলম্বনের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিস্কার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরনের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। এছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হবে।

২২/৩/১৭

ক্রমশ-২

samenar notice

৬. পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।

৭. যোগ্য রেজিঃ নম্বরধারী প্রার্থীদের তালিকা এবং পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী সম্বলিত বিজ্ঞপ্তি কর্ম কমিশনের ওয়েব সাইটে **(www.bpsc.gov.bd)** পাওয়া যাবে।

[পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২২/৩/২০১৭

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

নং ৮০.১০৮.০১১.০২.২০.০০৫.২০১২- ৫৩

তারিখ ঃ ০৮ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ
২২ মার্চ,২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
২. উপ-সচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট), পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬. উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী, খুলনা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও রংপুর ।
৭. জনাব কৌশিক দেবনাথ, সহকারী প্রোগ্রামার, আই সি টি শাখা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা। **বিজ্ঞপ্তিটি কর্ম কমিশনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।**
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯. ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞ সদস্য-১, ২, ৩, ৪ ,৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অতিঃ সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অভ্যর্থনা শাখা/নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১২. অফিস নথি।

২২/৩/১৭

(মোঃ জহিরুল হক)
পরিচালক (ইউনিট-৮)
ফোনঃ ৫৫০০৬৬২৮

samenar notice